



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৩০ অক্টোবর ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

ইউপিডিএফের উপর হামলাকারী সশস্ত্র সন্ত্রাসীদের গ্রেফতারের দাবি

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) রাঙামাটি জেলা ইউনিটের সংগঠক সচল চাকমা আজ বুধবার ৩০ অক্টোবর ২০১৯ এক বিবৃতিতে রাঙামাটির বাঘাইছড়িতে ইউপিডিএফ সদস্যদের উপর হামলাকারী সশস্ত্র সন্ত্রাসীদের গ্রেফতারের দাবি জানিয়েছেন।

বিবৃতিতে তিনি বলেন, আজ বুধবার সকাল ৮ টার দিকে জানং চাকমা, খোকন চাকমা ও লিটন চাকমাসহ ১১ জনের একটি সশস্ত্র দুর্বৃত্ত দল বঙ্গলতলি ইউনিয়নের করেঙাতলি বাজার থেকে আনুমানিক ৩ কিলোমিটার উত্তরে জারুলছড়ি গ্রামে গিয়ে ইউপিডিএফ সদস্যদের উপর অতর্কিত মুহূর্মুহ গুলি বর্ষণ করতে থাকে। তবে এতে ইউপিডিএফ সদস্যরা দৌড়ে অক্ষত অবস্থায় নিরাপদ স্থানে সরে যেতে সক্ষম হয়।

ইউপিডিএফ নেতা হামলার নিন্দা জানিয়ে আরো বলেন, ঘটনার পর একটি বিশেষ কয়েমী স্বার্থান্বেষী গোষ্ঠীর মদদপুষ্ট উক্ত সন্ত্রাসীরা সশস্ত্র অবস্থায় বাঘাইছড়ি -করেঙাতলি সড়কে বঙ্গলতলি প্রাইমারী স্কুলের দোকানে চা পানের পর প্রকাশ্যে করেঙাতলি ক্যাম্পের দিকে যেতে থাকে। এ সময় ৯:৩০টার দিকে উক্ত ক্যাম্প থেকে মাত্র আঁধা কিলোমিটার দূরে বঙ্গলতলি বনবিহারের পাশে অন্য একটি সশস্ত্র গ্রুপ দ্বারা তারা এম্বুশের শিকার হয়।


গোলাগুলির খবর শুনে নিরাপত্তা বাহিনীর একটি দল তৎক্ষণাত্ ঘটনাস্থল বনবিহারের পাশে যায়, কিন্তু তারা সন্ত্রাসীদের চ্যালেঞ্জ না করে বরং পালিয়ে যেতে সাহায্য করে বলে ইউপিডিএফ নেতা অভিযোগ করেন এবং বলেন তাদের সহযোগিতায় সন্ত্রাসীরা বীরদর্পে বন্দুক উঁচিয়ে বি-ব্লক হয়ে কাউলি গ্রামে চলে যায়।

তিনি ক্ষোভ প্রকাশ করে বলেন সন্ত্রাসীরা বাঘাইছড়ি সদরে অবস্থান করে অবাধে খুন ও চাঁদাবাজিসহ বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ড চালালেও তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা না নিয়ে বরং ইউপিডিএফ সদস্যসহ সাধারণ নিরীহ জনগণকে প্রতিনিয়ত গ্রেফতার ও মিথ্যা মামলায় ফাঁসানো হচ্ছে। একদিকে

সন্ত্রাস ও চাঁদাবাজি নির্মূলের ব্যাপারে বাগাডুস্তর করা হচ্ছে, অন্যদিকে প্রকাশ্যে সন্ত্রাসীদের মদদ দেয়া হচ্ছে।

সচল চাকমা অবিলম্বে কায়েমী স্বার্থান্বেষী গোষ্ঠী কর্তৃক সশস্ত্র সন্ত্রাসীদের মদদদান বন্ধ ও গ্রেফতার এবং জুম্ম দিয়ে জুম্ম ধ্বংসের ষড়যন্ত্র পরিহার করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানিয়েছেন।

বার্তা প্রেরক



নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।